

প্রক্টরসহ কুবির ৩ জনের সদস্য পদ বাতিল

কুবি শিক্ষক সমিতি

কুবি প্রতিনিধি

০৪ জুন ২০২৪, ১২:০০ এএম



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) তিন শিক্ষকের সদস্য পদ বাতিল করেছে বিশ্ববিদ্যালয়টির শিক্ষক সমিতি। সোমবার বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পৃথক তিনটি চিঠি থেকে এ বিষয়টি জানা গেছে।

সদস্য পদ বাতিল হওয়া তিন শিক্ষক হলেন- লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. মো. রশিদুল ইসলাম শেখ, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. কাজী ওমর সিদ্দিকী এবং অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক আসাদুজ্জামান শিকদার।

চিঠিতে উল্লেখ করা হয়, গত ৩ মে শিক্ষক সমিতির গঠনতন্ত্র পরিপন্থী কাজ করার অভিযোগে তিন শিক্ষকের সদস্য পদ স্থগিত করা

হয়। পরবর্তীতে পাঁচ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হলে জবাব দেন তিন শিক্ষক। তবে সেটিকে 'সন্তোষজনক নয়' বিবেচিত করে শিক্ষক সমিতি। সেই পরিপ্রেক্ষিতে গত ২৮ মে হতে তাদের শিক্ষক সমিতির সদস্য পদ বাতিল করা হয়।

এ বিষয়ে অধ্যাপক ড. রশিদুল ইসলাম বলেন, আমি কারণ দর্শানোর নোটিশের জবাব দিয়েছি। কিন্তু সেটিকে অসন্তোষজনক উল্লেখ করে সদস্য পদ বাতিল করা সম্পূর্ণ অবৈধ, অযৌক্তিক এবং উদ্দেশ্যপ্রণোদিত মনে করছি।

সহযোগী অধ্যাপক আসাদুজ্জামান শিকদার বলেন, আমার সদস্য পদ বাতিল করাটা রাজনৈতিক মনে হচ্ছে। এ সিদ্ধান্ত সম্পূর্ণ অবৈধ এবং অযৌক্তিক।

সহযোগী অধ্যাপক ড. কাজী ওমর সিদ্দিকী বলেন, আমি শিক্ষক সমিতির গঠনতন্ত্র বিরোধী কাজ করিনি। বরং শিক্ষক সমিতির সিদ্ধান্তের বাইরে গিয়ে যারা তিন দপ্তরে তালা দিয়েছিল সেটির বিরোধিতা করেছি। আমি মনে করি আমাদের সদস্য পদ বাতিল না করে যারা শিক্ষক সমিতির সাধারণ সভার সিদ্ধান্তের বাইরে গিয়ে বিশ্ববিদ্যালয়কে অস্থিতিশীল করার কাজ করেছে তাদের সদস্য পদ বাতিল করা উচিত।

এ বিষয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. আবু তাহের বলেন, সদস্য পদ বাতিলের ক্ষেত্রে আমরা শিক্ষক সমিতির গঠনতন্ত্রের যথাযথ আইন মেনেছি। বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষকের সম্মতিক্রমেই তাদের সদস্য পদ বাতিল করা হয়েছে। তাই এটিকে অবৈধ বা অযৌক্তিক বলার সুযোগ নেই।

[আরও খবর](#) থেকে আরও পড়ুন